২৮৯৩

দৈনিক বাংলা

তারিখ ... 30 SEP 1992 .
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...

(২৪)

16

# প্রাইমারী স্কুলে অনুদান চাই

দেশের উত্তরাঞ্চলের কুড়িগ্রাম জেলার রৌমারী থানাধীন শৌলমারী ইউনিয়নের ডাংগুয়াপাড়া একটি যোগাযোগ বিচ্ছিন্ন, জলবহুল ও অতি দরিদ্র চর এলাকা। গ্রামের লোকসংখ্যা ৩ হাজার এবং ৬ থেকে ১০ বছর বয়সী ছেলে–মেয়ের সংখ্যা ৪১০ জন। আশেপাশে দেড়–দুই মাইলের মধ্যে কোন প্রাথমিক বিদ্যলয় নেই। এ অবস্থায় গ্রামের ছেলেমেয়েদের শিক্ষাদানের লক্ষ্যে ১৯৬৮ইং সালে স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিরা মিলে এ গ্রামে ডাংগুয়াপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি স্থাপন করেন। সেই থেকে সরকারী বিধি মোতাবেক চার জন শিক্ষক দ্বারা বিদ্যালয়টি পরিচালিত হচ্ছে। কিন্তু এই দীর্ঘ সময়ে এলাকার অনেক স্কুল সরকারীকরণ করা হলেও এ অবহেলিত স্কুলটির প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি পড়েনি। বর্তমানে এ বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীর সংখ্যা ২১০ জন। বিদ্যালয়টি যথারীতি রেজিস্ট্রেশন লাভও করেছে। সরকারী আদেশ নং এস–১০/১–সিএম–৫/৮২/৭৩ ইডিএম তাং ১৫–৮–৮৩ইং এবং এস–৯/ এসএম–৩৭/৮৩/৩৭ (১০০০)/ইডিএম তাং ৩–১১–৮৩ইং। উল্লেখ্য যে দরিদ্র এলাকার এ বিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণও খুবই গরীব। দীর্ঘদিন ছেলেমেয়েদের শিক্ষাদান কাজে নিয়োজিত থেকে আজ তাঁরা বয়োবৃদ্ধ হয়েছেন। কিন্তু উপযুক্ত বেতন–ভাতার অভাবে আর্থিক অনটনে পরিবার পরিজন নিয়ে আজ তাদের চরম কষ্টে দিন যাপন করতে হচ্ছে।

অথচ এদিকে বিদ্যালয়টির রেজিস্ট্রেশন প্রাপ্তির দীর্ঘদিন পরে অত্যন্ত দুঃখের সাথে জানতে পারি, সরকর এ রেজিস্ট্রেশন প্রত্যাহার করেছেন। তাই বাধ্য হয়ে রাজশাহী বিভাগের প্রাথমিক শিক্ষার উপ–পরিচালকের দফতরে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে পুনরায় রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হয়েছে। সমস্যা হচ্ছে এই যে, গত ১২–৯–৯২ইং থেকে সারাদেশে নতুন রেজিস্ট্রেশন দেয়া বন্ধ আছে বিধায় আমাদের বিদ্যালয়টিকে রেজিস্ট্রেশন দেয়া হচ্ছে না। রেজিস্ট্রেশনের অভাবে বিদ্যালয়টির জন্য সরকারী অনুদান বা সাহায্যও পাওয়া যাচ্ছে না। গ্রামবাসীরাও আর্থিক অসচ্ছলতার কারণে বিদ্যালয় পরিচালনার জন্য চাঁদা দিতে আর পারছে না। ফলে বিদ্যালয়ের গরীব শিক্ষকরা পড়েছেন চরম বিপাকে। এ অবস্থায় মানবিক বিবেচনায় স্কুলটিকে আশু রেজিস্ট্রেশন ও স্বীকৃতি দান করে সরকারী অনুদান ও শিক্ষকদের বেতন–ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিশেষ অনুরোধ জানাচ্ছি।

মোঃময়েজউদ্দীন
প্রধান শিক্ষক,
ডাংগুয়াপাড়া বেসরকারী প্রাথমিক
বিদ্যালয়, মোঃ শৌলমরী।
থানা রৌমারী, জেলা কুড়িগ্রাম।